# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২৫৫

৩২/ যুদ্ধ-বিগ্রহ (كتاب الملاحم)

পরিচ্ছেদঃ ১০. বসরা সম্পর্কে।

## باب فِي ذِكْرِ الْبَصْرَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ فَارِسٍ، حَدَّثَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ، حَدَّثَنِي أَبِي، حَدَّثَنَا سَعِيدُ بْنُ جُمْهَانَ، حَدَّثَنَا مُسْلِمُ بْنُ أَبِي بَكْرَةَ، قَالَ سَمِعْتُ أَبِي يُحَدِّثُ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " يَنْزِلُ نَاسٌ مِنْ أُمَّتِي بِغَائِطٍ يُسَمُّونَهُ الْبَصْرَةَ عِنْدَ نَهْرٍ يُقَالُ لَهُ دِجْلَةُ يَكُونُ عَلَيْهِ جِسْرٌ يَكْثُرُ أَهْلُهَا وَتَكُونُ مِنْ أَمْصَارِ الْمُهَاجِرِينَ " . قَالَ ابْنُ يَحْيَى قَالَ أَبُو مَعْمَرٍ " وَتَكُونُ مِنْ أَمْصَارِ الْمُسْلِمِينَ فَإِذَا كَانَ فِي آخِرِ الزَّمَانِ جَاءَ بَنُو قَنْطُورَاءَ عِرَاضُ الْوُجُوهِ صِغَارُ الأَعْيُنِ حَتَّى يَنْزِلُوا عَلَى شَطِّ النَّهْرِ فَيَتَفَرَّقُ أَهْلُهَا ثَلاَثَ فِرَقٍ فِرْقَةٌ يَأْخُذُونَ أَذْنَابَ الْبَقَرِ وَالْبَرِّيَّةِ وَهَلَكُوا وَفِرْقَةٌ يَأْخُذُونَ لأَنْفُسِهِمْ وَكَفَرُوا وَفِرْقَةٌ يَجْعَلُونَ ذَرَارِيَّهُمْ خَلْفَ ظُهُورِهِمْ وَيُقَاتِلُونَهُمْ وَهُمُ الشُّهَدَاءُ " .

বাংলা

৪২৫৫. মুহাম্মদ ইব্ন ইয়াহ্ইয়া (রহঃ) .... আবু বাক্রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি আমার পিতাকে বর্ণনা করতে শুনেছি যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার উম্মতের কিছু লোক নীচু যমীনে অবতরণ করবে, যাকে বসরা বলা হয়, যা এক নদীর পাশে অবস্থিত হবে, যার নাম হলো-দাজলা। সে নদীর উপর একটা পুল হবে। সেটা ঘন বসতিপূর্ণ এলাকা হবে এবং তা মুহাজিরদের শহরে পরিণত হবে।

রাবী ইব্ন ইয়াহ্ইয়া (রহঃ) বলেন, আবূ মুআম্মার (রাঃ) বলেছেনঃ শহরটি মুসলিমদের শহরে পরিণত হবে। শেষ যুগে ’কানতুরার’ বংশধরণ, যারা চওড়া চেহারা এবং ছোট চোখ বিশিষ্ট হবে, তারা নদীর তীরে অবতরণ করে তিন দলে বিভক্ত হয়ে পড়বে। তাদের একদল গরুর লেজের ব্যবসা এবং কৃষিকাজে লিপ্ত হয়ে ধ্বংস হবে, দ্বিতীয় দল তাদের জান-বাঁচিয়ে কাফির হয়ে যাবে এবং তৃতীয় দলটি তাদের বাচ্চাদের পেছনে রেখে যুদ্ধ করে শহীদ হয়ে যাবে।

## English

Narrated Abu Bakrah:

The Messenger of Allah (ﷺ) said: Some of my people will alight on low-lying ground, which they will call al-Basrah, beside a river called Dajjal (the Tigris) over which there is a bridge. Its people will be numerous and it will be one of the capital cities of immigrants (or one of the capital cities of Muslims, according to the version of Ibn Yahya who reported from AbuMa'mar).

At the end of time the descendants of Qantura' will come with broad faces and small eyes and alight on the bank of the river. The town's inhabitants will then separate into three sections, one of which will follow cattle and (live in) the desert and perish, another of which will seek security for themselves and perish, but a third will put their children behind their backs and fight the invaders, and they will be the martyrs.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36361

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন